একবার আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে রামাযান মাসে সফরে বের হলাম। তখন অত্যন্ত গরম ছিলো; এমনকি আমাদের কেউ কেউ গরমের প্রচণ্ডতা থেকে বাঁচার জন্য নিজের হাত মাথার উপর রাখতেন। আমাদের মধ্যে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও আব্দুল্লাহ ইবন রাওয়াহা রাদিয়াল্লাহু আনহু ছাড়া আর কেউই সাওম পালনকারী ছিলেন না।

আবুদ দারদা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “একবার আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে রামাযান মাসে সফরে বের হলাম। তখন অত্যন্ত
গরম ছিলো; এমনকি আমাদের কেউ কেউ গরমের প্রচণ্ডতা থেকে বাঁচার জন্য নিজের হাত মাথার
উপর রাখতেন। আমাদের মধ্যে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও
আব্দুল্লাহ ইবন রাওয়াহা রাদিয়াল্লাহু আনহু ছাড়া আর কেউই সাওম পালনকারী ছিলেন না।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

আবুদ দারদা রাদিয়াল্লাহু আনহু সংবাদ দেন যে, তারা একবার রামাযান মাসে প্রচণ্ড গরমের মধ্যে সফরে বের হয়েছিলেন। তখন গরমের তীব্রতা এতো বেশি ছিলো যে, গরমের প্রচণ্ডতা থেকে বাঁচার জন্য কেউ কেউ নিজের হাত মাথার উপর রেখেছেন। তাদের মধ্যে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও আব্দুল্লাহ ইবন রাওয়াহা আনসারী রাদিয়াল্লাহু আনহু ছাড়া আর কেউই সাওম পালনকারী ছিলেন না। তারা গরমের তীব্রতা সহ্য করে সাওম পালন করেছিলেন। এ হাদীস দ্বারা বুঝা যায় যে, সফরে প্রচণ্ড কষ্ট সত্ত্বেও সাওম পালন করা জায়েয; যদি কষ্টের তীব্রতা ধ্বংসের পর্যায়ে না পৌঁছে।

http://www.sunnah.global/hadeeth/bn/show/4505